রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুন ২৭, ২০২৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৩ আষাঢ়, ১৪৩৩ মোতাবেক ২৭ জুন, ২০২৬

নিম্নলিখিত বিলটি ১৩ আষাঢ়, ১৪৩৩ মোতাবেক ২৭ জুন, ২০২৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ৯৯/২০২৬

## সাইবার সুরক্ষা আইন, ২০২৬ সংশোধনকল্পে আনীত

# বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে সাইবার সুরক্ষা আইন, ২০২৬ (২০২৬ সনের ৮১ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন সাইবার সুরক্ষা (সংশোধন) আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০২৬ সনের ৮১ নং আইনের ধারা ২০ এর বিলুপ্তি।**—সাইবার সুরক্ষা আইন, ২০২৬ (২০২৬ সনের ৮১ নং আইন) এর ধারা ২০ বিলুপ্ত হইবে।


**মূল্য :** টাকা ৪.০০

## উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

দেশের সাইবার স্পেসকে নিরাপদ ও সুরক্ষিত রাখতে 'সাইবার সুরক্ষা আইন, ২০২৬' (২০২৬ সনের ৮১ নং আইন) প্রণীত হয়। উক্ত আইনের ধারা-২০ এ সাইবার স্পেসে জুয়া খেলার বিষয়ে অপরাধ ও দণ্ডের বিধান রয়েছে। ইতোমধ্যে জুয়া এবং বেটিং সংক্রান্ত অপরাধসমূহ প্রতিরোধের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক 'জুয়া প্রতিরোধ আইন, ২০২৬' নামে একটি সুনির্দিষ্ট এবং বিস্তারিত আইন প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে বিধায় 'সাইবার সুরক্ষা আইন, ২০২৬' এর ধারা ২০ বিলুপ্ত করার প্রস্তাব করা হয়েছে।

**ফকির মাহবুব আনাম**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd